# স্বাধীনতা অস্বীকারকারীদের বিশ্বাসযোগ্যতা নেই: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

দেশে গণতন্ত্র প্রতিষ্ঠার পথে এখনও নানা ষড়যন্ত্র অব্যাহত রয়েছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, যারা দেশের জন্ম ও স্বাধীনতাকে অস্বীকার করে, তাদের ওপর আস্থা রাখার কোনো সুযোগ নেই।

রোববার (১৪ ডিসেম্বর) দুপুরে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধা দলের আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। মির্জা ফখরুল বলেন, ষড়যন্ত্র করে কখনও সাফল্য অর্জন করা যায় না। চক্রান্তের কাছে মাথা নত না করে জনগণের ঐক্যের শক্তিতেই নির্বাচনের মাধ্যমে একটি গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলতে হবে।

তিনি আরও বলেন, দেশের শ্রেষ্ঠ সন্তানদের হত্যার সঙ্গে জড়িতদের ক্ষমা করার কোনো কারণ নেই। ফ্যাসিবাদের পতনের পর নতুন কোনো ফ্যাসিবাদ যেন আবার মাথাচাড়া দিতে না পারে—সে বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে।

বিএনপি মহাসচিব আশাবাদ ব্যক্ত করে বলেন, ধানের শীষ প্রতীকে ভোট দিয়ে জনগণই সঠিক সিদ্ধান্ত নেবে। এই দেশে জোর করে কিছু চাপিয়ে দেওয়া সম্ভব নয়।

চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, পরাজিত ফ্যাসিস্ট শক্তি পলাতক অবস্থায় থেকেও হাদী ও এরশাদউল্লাহর ওপর হামলার চেষ্টা চালিয়ে দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা করছে।

এ সময় তিনি জানান, আগামী ২৫ ডিসেম্বর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরবেন। উদ্বেগের মধ্যেও দল অনুপ্রাণিত উল্লেখ করে তার আগমন উপলক্ষে নজিরবিহীন সংবর্ধনা দেওয়ার জন্য দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান মির্জা ফখরুল।

LENS ASIA